



# গণ ফ্রন্ট

Reg no-25



www.gonofront.com



# Presented By

Green Chashee Md Kamruzzaman Mridha


**Managing Director**

Dulles Global Investment

(Washington D.C.USA)

**Chairman**

Green Bangla Foundation








আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি গণফ্রন্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রয়াত **জনাব মোঃ জাকির হোসেন সাহেবকে**, যাঁর আদর্শ ও স্বপ্ন আমাদের পথনির্দেশনা দেয়। কৃতজ্ঞতা প্রকাশ করছি মাননীয় মহাসচিব **জনাব আহম্মেদ আলী শেখ সাহেব** এবং নির্বাহী চেয়ারম্যান ব্যারিস্টার আকমাল হোসেন সাহেবের প্রতি, যাঁরা সেই স্বপ্ন বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে চলেছেন।

এই রোডম্যাপ তাঁদের দূরদর্শী চিন্তার প্রতিফলন—একটি উন্নত, মানবিক, এবং অধিকারভিত্তিক বাংলাদেশের ভবিষ্যৎ গঠনের পথনির্দেশনা।

# গণফ্রন্টের উন্নয়ন রোডম্যাপ (১-৩৪)

- ১. দলের নেতাকর্মীদের অর্থনৈতিক স্বাবলম্বিতা:সৎ পথে ব্যবসা, উদ্যোগ এবং মেধাভিত্তিক কাজের মাধ্যমে নেতাকর্মীদের জন্য আয়ের সুযোগ তৈরি করা।
- ২. দলীয় তহবিল গঠন:নেতাকর্মীদের আয়ের একটি অংশ স্বেচ্ছায় দলীয় কর্মসূচি, প্রচার ও কার্যক্রমে ব্যয় করার জন্য নিয়মিতভাবে জমা দেওয়ার ব্যবস্থা।
- ৩. ফ্রি আইনি সেবা প্রদান:দলের আইন অঙ্গসংগঠনের মাধ্যমে গরীব, অসহায় ও নির্যাতিত মানুষের জন্য বিনামূল্যে আইনি সহায়তা প্রদান।
- ৪. ২ লক্ষ আইনজীবীর ফ্রিল্যান্সিং প্ল্যাটফর্ম:গণফ্রন্টের মাধ্যমে দেশের আইনজীবীদের ডিজিটালভাবে ফ্রিল্যান্সিংয়ে যুক্ত করে বৈদেশিক মুদ্রা অর্জনের পথ তৈরি করা।
- ৫. কৃষি প্রশিক্ষণ ও রপ্তানি:প্রতিটি গ্রামে ১৫০ জন কৃষককে আধুনিক কৃষি পদ্ধতির প্রশিক্ষণ দিয়ে কৃষিপণ্য বিদেশে রপ্তানির সুযোগ সৃষ্টি করা।
- ৬. ডিজিটাল প্রশিক্ষণ ও আইটি অংশীদারিত্ব:স্কুল-কলেজের শিক্ষার্থী ও বেকারদের আইটি প্রশিক্ষণ দিয়ে ২০৩০ সালের মধ্যে ১,৪০০ বিলিয়ন ডলারের বৈশ্বিক আইটি মার্কেটে অংশগ্রহণ নিশ্চিত করা।
- ৭. ই-স্বাস্থ্যসেবা:ডাক্তার নিয়োগ ও প্রযুক্তি ব্যবস্থার মাধ্যমে জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া।
- ৮. ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়ন:তরুণ উদ্যোক্তাদের প্রশিক্ষণ, বিনিয়োগ সংযোগ ও বাজারজাতকরণে সহায়তা প্রদান এবং অনলাইন ব্যবসার মাধ্যমে ফুটপাতমুক্ত কর্মসংস্থান নিশ্চিত করা।
- ৯. আধুনিক মাছচাষ:পুকুর ছাড়া আধুনিক পদ্ধতিতে মাছ চাষ বৃদ্ধি করে দেশের চাহিদা পূরণ এবং রপ্তানি বৃদ্ধির উদ্যোগ।
- ১০. হালাল মাংস উৎপাদন ও রপ্তানি:গরুর মাংসের দাম নিয়ন্ত্রণে এনে দেশে উৎপাদন বৃদ্ধি ও ৭০টিরও বেশি মুসলিম দেশে হালাল মাংস রপ্তানি।

# গণফ্রন্টের উন্নয়ন রোডম্যাপ (১১-২০)

- ১১. চিনিশিল্প পুনরুদ্ধার ও বায়োপ্রডাক্ট:দেশীয় চিনিশিল্পকে পুনর্জীবিত করে ইথানল, জেটফুয়েল ও অন্যান্য বায়োপ্রডাক্ট বিদেশে রপ্তানির ব্যবস্থা।
- ১২. তুলা উৎপাদন ও বৈদেশিক কৃষি উদ্যোগ:দেশে তুলা উৎপাদন বৃদ্ধি এবং বিদেশের জমিতে চাষ করে তা দেশে এনে গার্মেন্টস শিল্পে ব্যবহার নিশ্চিত করা।
- ১৩. বিদেশে কৃষি সম্প্রসারণ:ভুট্টা, ডাল, সয়াবিন ইত্যাদি বিদেশে উৎপাদন করে তা দেশে বাজারজাতকরণ ও রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন।
- ১৪. প্রতিটি উপজেলায় গরু ফার্ম:প্রত্যেক উপজেলায় ৫০ জন করে উদ্যোক্তা তৈরি করে মোট ২,২৫,০০০ গরু ফার্ম স্থাপন ও রপ্তানি সক্ষমতা গড়ে তোলা।
- ১৫. ট্রাফিক জ্যাম নিয়ন্ত্রণ:ঢাকা শহরের ট্রাফিক ব্যবস্থার আধুনিকীকরণ ও স্মার্ট ট্রাফিক ব্যবস্থার মাধ্যমে যানজট নিয়ন্ত্রণ।
- ১৬. শব্দ দূষণ প্রতিরোধ:শব্দ দূষণের বিরুদ্ধে সচেতনতামূলক প্রচার ও আইনি ব্যবস্থা গ্রহণ।
- ১৭. শিক্ষার্থী ও তরুণদের কর্মসংস্থান:ছাত্রছাত্রীদের পড়াশোনার পাশাপাশি উপার্জনের সুযোগ তৈরি করে আত্মনির্ভরশীলতা গঠন।
- ১৮. সিনিয়র সিটিজেন কেয়ার:বয়সজনিত সমস্যায় আক্রান্ত বয়স্কদের জন্য কেয়ার হোম ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থা চালু।
- ১৯. গণফ্রন্ট কেয়ারগিভার প্রোগ্রাম:দলীয় কেয়ার হোম যেখানে প্রবীণ নেতাকর্মীরা যত্ন ও সম্মানসহ জীবনযাপন করবেন।
- ২০. দলে অংশগ্রহণের মাধ্যমে সম্ভাবনার দুয়ার:তরুণদের জন্য দলীয় কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে আয়, মর্যাদা ও উন্নয়নের পথ।

# গণফ্রন্টের উন্নয়ন রোডম্যাপ (২১-৩০)

- ২১. ইতিবাচক রাজনৈতিক দৃষ্টিভঙ্গি:বিরোধী দলবিরোধী রাজনীতি নয়, উন্নয়ন ও সামাজিক কল্যাণকেই মুখ্য আদর্শ হিসেবে ধারণ।
- ২২. ধর্মীয় স্বাধীনতা ও উৎসাহ:প্রত্যেক সদস্যকে নিজ নিজ ধর্ম পালনে উৎসাহিত করা এবং সহনশীল পরিবেশ বজায় রাখা।
- ২৩. দৈনিক ভালো কাজের অনুশীলন:প্রত্যেক সদস্যের জন্য প্রতিদিন ন্যূনতম ১০টি ভালো কাজ করার এবং রিপোর্ট দলীয় অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চালু।
- ২৪. সামাজিক ও অর্থনৈতিক আন্দোলন:গণফ্রন্টকে শুধু রাজনৈতিক নয়, একটি সামাজিক, অর্থনৈতিক ও নৈতিক আন্দোলনের প্ল্যাটফর্মে পরিণত করা।
- ২৫. প্রাকৃতিক খাদ্য ও জৈব চাষ:বিষমুক্ত, নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য কৃষকদের জৈব চাষে উদ্বুদ্ধ করা।
- ২৬. খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ:দেশীয় উৎপাদন ও বৈদেশিক কৃষি উদ্যোগের সমন্বয়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা।
- ২৭. বিদেশি শ্রম বাজারে দক্ষ কর্মী রপ্তানি:বাংলাদেশে ২০ লাখ কেয়ারগিভার, নার্স ও সাইট কেয়ার প্রশিক্ষণ দিয়ে বিদেশে চাকরির সুযোগ তৈরি করা।
- ২৮. শিশু কেয়ার সেবা:প্রতিটি ওয়ার্ডে শিশুকেন্দ্র স্থাপন করে কর্মজীবী পরিবারগুলোর জন্য নিরাপদ শিশুসেবা নিশ্চিত করা।
- ২৯. বিনামূল্যে দক্ষতা প্রশিক্ষণ:অসহায় ও নিম্নআয়ের মানুষের জন্য আইটি, কেয়ারগিভিং ও কৃষিতে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান।
- ৩০. নীতিনির্ধারক পর্যায়ে গণচাপ:সরকার, আমলা ও নীতিনির্ধারকদের সহায়তার জন্য প্রথমে চিঠি, পরে উপস্থাপন এবং প্রয়োজন হলে গণচাপ ও গণমাধ্যমে প্রচার চালানো।

# গণফ্রন্টের উন্নয়ন রোডম্যাপ (৩১-৩৪)

- ৩১. বাংলাদেশের সকল কোর্টে চলমান মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বাদী ও বিবাদী উভয় পক্ষকে কাউন্সেলিংয়ের মাধ্যমে সমাধানে পৌঁছানোর ব্যবস্থা করা হবে। মামলার জট কমাতে বিকল্প বিরোধ নিষ্পত্তি (ADR) প্রক্রিয়া ব্যবহার করা হবে।
- ৩২. যারা মাদকাসক্ত হয়ে পড়েছে বা অপরাধে জড়িয়ে পড়েছে, তাদের জন্য পুনর্বাসন ও কাউন্সেলিং প্রোগ্রামের ব্যবস্থা করা হবে। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে তাদের সুপথে ফেরানোর উদ্যোগ নেওয়া হবে।
- ৩৩. দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে সেবার মান উন্নয়নের জন্য 'গণফ্রন্ট হেল্প ইউনিট' গঠন করা হবে, যারা নার্স ও ডাক্তারদের পাশাপাশি রোগীদের সেবা প্রদান করবে।
- ৩৪. গণফ্রন্টের নেতাকর্মীদের আচরণ, ব্যবহারবিধি ও জনসেবামূলক দক্ষতা উন্নয়নের জন্য নিয়মিত প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণের সুযোগ তৈরি করা হবে। পাশাপাশি বিদেশে লেবার ল সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণের ব্যবস্থা করা হবে।

# গণফ্রন্টের উন্নয়ন রোডম্যাপ

🛠️ **গণ ফ্রন্টের রোডম্যাপ বাস্তবায়নের কৌশল**

সকল রোডম্যাপ বাস্তবায়নে যা যা জরুরি:

- ✅ তৃতীয় পক্ষের ম্যানেজমেন্ট ও লবিস্ট ফার্ম নিয়োগ
- ✅ দেশি ও বিদেশি এনজিওকে সম্পৃক্ত করা
- ✅ নির্দিষ্ট দায়িত্ব ও সময়সীমাসহ স্পষ্ট ও কার্যকর ওয়ার্ক প্ল্যান তৈরি
- ✅ কূটনৈতিক সম্পর্ক জোরদার ও সম্প্রসারণ
- ✅ দলীয় নেতা–কর্মীদের অংশগ্রহণমূলক কার্যক্রমের মাধ্যমে উপরোক্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা

- ➡️ **লক্ষ্য: বাস্তবায়ন, প্রভাব, আন্তর্জাতিক সম্পৃক্ততা ও রাজনৈতিক সম্পৃক্ততা**

# ধন্যবাদ